

০২ মে ২০২১ খৃঃ

অফিস স্মারক

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০২ মে ২০২১ তারিখের মন্ত্রীপরিষদ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক এর আলোকে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক জারিকৃত সার্কুলার যার লেটার নং- ৬০ অনুযায়ী বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে দেশের দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম ও সোস্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস এর অফিস সমূহ ও মাঠ পর্যায়ের কার্যক্রম (ঋণ বিতরণ এবং রেমিটেন্স ও অন্যান্য সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ড) স্বাস্থ্যবিধি ও সরকারী অন্যান্য নির্দেশনা যথাযথভাবে মেনে সীমিত পরিসরে নিম্নোক্ত নিয়মাবলী কঠোরভাবে অনুসরণ করে বর্তমান সময় থেকে কাজ করার জন্য বলা হলো।

- সংস্থার মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম ও সোস্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস এর অফিস ও মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে বাস্তবায়ন করা।
- সর্বাবস্থায় বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করা এবং নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়া (কমপক্ষে ২০ সেকেন্ড) ও দৈহিক পরিচ্ছন্নতায় যত্নশীল হওয়া; পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা।
- সকল পর্যায়ে স্বাস্থ্যগত ঝুঁকি বিবেচনায় রেখে প্রচলিত মিটিং সমূহ স্ব-শরীরে না করে যথাসম্ভব অনলাইনে করা এবং গ্রুপ ও সমিতি পর্যায়েও প্রচলিত মিটিং না করে কার্য সম্পাদন করা।
- সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড রাখা ও অফিস সময়ে তা বাধ্যতামূলকভাবে পরিধান করা এবং অফিসিয়াল মোবাইল সিম সচল রাখা।
- অফিস পর্যায়ে কোভিড-১৯ বিস্তার রোধে মাস্ক ব্যবহার ব্যতিত প্রবেশ নিষেধ/**No Mask, No Entry** অথবা মাস্ক পরিধান করুন, সেবা নিন/**Wear Mask, Get Service** নিশ্চিত করা; সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা; হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড রাব/জীবাণুনাশক ইত্যাদি সংরক্ষণ করা; কর্মস্থল ও আশপাশের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা; অফিসে ব্যবহৃত জিনিসপত্রসমূহ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখা; অফিসে জনসমাগম এড়িয়ে চলা নিশ্চিত করা।

এছাড়াও উল্লেখ্য যে, পবিত্র রমযান মাস উপলক্ষে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের মাঠ পর্যায়ের অফিস সময় হবে সকাল ৮.০০ টা হতে বেলা ৩.০০ টা পর্যন্ত এবং সোস্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস এর অফিস সমূহের সময়সূচী হবে সকাল ৯.০০ টা হতে বেলা ৩.৩০ টা পর্যন্ত (উভয় ক্ষেত্রে মধ্যাহ্ন বিরতি হবে দুপুর ১.১৫ টা হতে দুপুর ১.৩০ টা পর্যন্ত)।

অঙ্গসংগঠন সমূহ তাদের স্ব-স্ব নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহমেদ লিটন
নির্বাহী প্রধান।

অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি

সংযুক্তি:

- এমআরএ/সার্কুলার লেটার নং-৬০

এমআরএ/সার্কুলার লেটার নং-৬০

তারিখ: ১৯ বৈশাখ, ১৪২৮
০২ মে, ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়ঃ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সনদপ্রাপ্ত আর্থিক সেবা প্রদানকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম (নেতুন ঋণ বিতরণ এবং রেমিটেন্স ও অন্যান্য সামাজিক উন্নয়নমূলক সেবা) সীমিত পরিসরে পরিচালনার অনুমতি প্রদান।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০২ মে, ২০২১ তারিখের স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৩৬ (কপি সংযুক্ত) ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ০২ মে, ২০২১ তারিখের স্মারক নং: ৫৩.০০.০০০০.৪১২.১৯.০০৬.২১-৬০ (কপি সংযুক্ত) এর আলোকে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে দেশের দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে এ অথরিটির সনদপ্রাপ্ত আর্থিক সেবা প্রদানকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম (নেতুন ঋণ বিতরণ এবং রেমিটেন্স ও অন্যান্য সামাজিক উন্নয়নমূলক সেবা) স্বাস্থ্যবিধি ও সরকারী অন্যান্য নির্দেশনা যথাযথভাবে মেনে সীমিত পরিসরে পরিচালনার বিষয়ে অনুমতি দেয়া হলো।

২। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ৯(চ) ও ধারা ৪৮ এ প্রদত্ত ক্ষমতা বলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারী করা হলো এবং এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক

ফোনঃ ০২-৪৮৩১৫৭১৫


নম্বর:-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২১-১০৮৫

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২৮

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০২ মে, ২০২১

- (১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৩) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইক্সটেন গার্ডেন রোড, ঢাকা।
- (৪) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
- (৫) জেলা প্রশাসক (সকল)
- (৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- (৭) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৮) গভর্নরের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (১০) ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (১১) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব (সকল বিভাগ) (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(রনজিত কুমার সরকার)

উপপরিচালক

ফোনঃ ০২-৫৮৩১৭২৮১